দৈনিক সংবাদ



তারিখ 25 MAY 1989
পৃষ্ঠা … কলাম …
বাংলাদেশ শিক্ষা … ডকুমেন্টেশন কেন্দ্র

# হাসপাতাল ও মেডিক্যাল কলেজ স্বায়ত্তশাসিত সংস্থা হচ্ছে: মতিন

দেশের সকল হাসপাতাল ও মেডিক্যাল কলেজ স্বায়ত্তশাসনের আওতায় আনা হচ্ছে। প্রথম পর্যায়ে ১লা জুলাই থেকে সকল মেডিক্যাল কলেজ ও ১৯টি হাসপাতাল স্বশাসিত প্রতিষ্ঠান হিসেবে কাজ করবে।

স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত

(শেষ পৃ: ১-এর ক: দ্র:)

## মতিন

(১ম পাতার পর)

উপ-প্রধানমন্ত্রী, অধ্যাপক এম, এ মতিন গতকাল একথা বলেন। তিনি মহাখালীতে নিপসম মিলনায়তনে হাসপাতাল ব্যবস্থাপনার ওপর তিন মাসের এক সার্টিফিকেট কোর্সের উদ্বোধন করছিলেন।

উপ-প্রধানমন্ত্রী বলেন, প্রশিক্ষণ কর্মসূচী অবশ্যই প্রয়োজনের সাথে সংগতিপূর্ণ ও দক্ষতাভিত্তিক হতে হবে। সমস্যার বাস্তবভিত্তিক সমাধান অন্বেষণে তৎপর হওয়ার জন্য তিনি প্রশিক্ষার্থী কর্মকর্তাদের আহ্বান জানান। তিনি বলেন, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনাক্ষেত্রে দক্ষতা ও দায়িত্ব পালনে অনীহা বা অবহেলার জন্য সরকার পুরস্কার ও শাস্তির ব্যবস্থা গ্রহণ করতে যাচ্ছে।

স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক ডা: মুনাওয়ারা বিনতে রহমানের সভানেতৃত্বে উদ্বোধনী অধিবেশনে বাংলাদেশে বিশ্ব স্বাস্থ্য প্রতিনিধি ডা: এ এনএ আবে-সুন্দরী, স্বাস্থ্য সচিব এস হাসান আহমদ বক্তৃতা করেন। খবর তথ্য বিবরণীর।